দৈনিক বাংলা

তারিখ ... 18/10/78 ...
পৃষ্ঠা ... 4 ... কলাম ... 6 ...

026

## সোনারগাঁ সমিতি বৃত্তি দেবে

ঢাকাস্থ সোনারগাঁ সমিতি বৈদ্যের বাজার থানার সকল উচ্চ বিদ্যালয়, সিনিয়র মাদ্রাসা ও কলেজের গরীব ও মেধাবী ছাত্রদের বৃত্তি দানের সিদ্ধান্ত নিয়েছে। এছাড়া ৭৮ সালের এসএসসি পরীক্ষায় প্রথম বিভাগে উত্তীর্ণ ছাত্রছাত্রীদের পুরস্কৃত করারও সিদ্ধান্ত নিয়েছে।

আগামী ২০শে অক্টোবরের মধ্যে স্ব স্ব বিদ্যালয়ের প্রধানদের মাধ্যমে সমিতির সম্পাদক অধ্যাপক রেজাউল করিম, ৭/১ হাটখোলা রোড, ঢাকা ঠিকানায় দরখাস্ত পৌঁছাতে অনুরোধ করা হয়েছে। খবর প্রেস বিজ্ঞপ্তির।

## রোকেয়া হল সম্পর্কে উপাচার্যের বক্তব্যের নিন্দা

(বিশ্ববিদ্যালয় রিপোর্টার)

রোকেয়া হল ছাত্রী সংগ্রাম পরিষদ ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের রোকেয়া হল সম্পর্কিত বক্তব্যের নিন্দা করেছে। পক্ষপাতমূলক ও অন্যায় সমাধান চাপিয়ে দেবার সব ধরনের চেষ্টাকে ছাত্রীরা প্রত্যাখ্যান করবে বলে বলা হয়।

ছাত্রীদের ৪ দফা দাবী আদায়ের সংগ্রাম অব্যাহত থাকবে বলে তারা জানান। উল্লেখ্য গত ১০ দিন ধরে রোকেয়া হলের প্রভোস্ট অফিস তালাবন্ধ রয়েছে।